গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[শুল্কঃ রপ্তানি ও বন্ড শাখা]

আদেশ নং- ৫৬/২০২০/ ৯২২ তারিখঃ ১৬/০৯/২০২০ খ্রিঃ

বিষয়ঃ **সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমূখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ আদেশ ২০০৮ বিষয়ক সাধারণ আদেশ নং-১৪/২০০৮ তারিখঃ ২৯/০৬/২০০৮ খ্রিঃ এর অধিকতর সংশোধনী।**

Customs Act, 1969 (Act No-IV of 1969) এর Section 13 এর Sub-Section (2) এর উদ্দেশ্য পূরণকল্পে এবং Section 219B এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমূখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ আদেশ, ২০০৮ তারিখঃ ২৯/০৬/২০০৮ খ্রিঃ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত আদেশের-

(১) অনুচ্ছেদ ০৪ এর উপ অনুচ্ছেদ (খ) এর শেষে নিম্নরূপ শব্দ, সংখ্যা ও চিহ্নসমূহ সংযোজিত হইবে; "যথাঃ- এই অনুচ্ছেদে উল্লেখিত "Complaint প্রতিষ্ঠান" বলিতে নিম্ন বর্ণিত শর্তসমূহ পূরণকারী প্রতিষ্ঠানকে বুঝাইবে; যথা:

(অ) The Customs Act, 1969 এর যে কোন Section এবং বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর যে কোন বিধি বা এতদসংক্রান্ত কোন বিধি-বিধান ভঙ্গের দায়ে কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিগত ০৩(তিন) বছরে কোন মামলা/দাবীনামা প্রাথমিকভাবে প্রমানিত হয়নি। এ ক্ষেত্রে প্রাথমিকভাবে প্রমানিত বলতে উক্ত আইনের Section-179 এর অধীন সংশ্লিষ্ট ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ন্যায় নির্ণয়ন আদেশের মাধ্যমে অপরাধ/অনিয়ম প্রতিষ্ঠিত হওয়া;

(আ) বিবেচ্য প্রাপ্যতা মেয়াদের অব্যাবহিত পূর্ববর্তী ন্যূনতম ০১ (এক) অর্থবছরে মূল্য সংযোজন কর দাখিলপত্র (মূসক- ৯.১) সংশ্লিষ্ট ভ্যাট কার্যালয়ে জমা প্রদানে ব্যর্থ হন নাই; এবং

(ই) বিকল্প বিরোধ নিষ্পত্তির আওতায় সহায়তাকারী (Facilitator) এর নিকট আবেদন দাখিলের ক্ষেত্র ব্যতীত, সংশ্লিষ্ট কমিশনারেট বা কোন আপীল কর্তৃপক্ষ বা কোন আদালতে শুল্ক-কর এর দাবী সংক্রান্ত কোন বিরোধ বা আপত্তি বিচারাধীন নাই।

(২) অনুচ্ছেদ ০৪ এর উপ অনুচ্ছেদ (গ) এর পর নিম্নরূপ উপ অনুচ্ছেদ (ঘ) সংযোজিত হইবে ঃ

(ঘ) কোন মেয়াদে কোন উপকরণ বা কাঁচামাল প্রাপ্যতা প্রদানের পর উক্ত মেয়াদে উহা আমদানি বা ব্যবহৃত না হইলে, পরবর্তী প্রাপ্যতা মেয়াদে উপকরণ বা কাঁচামাল প্রতিষ্ঠানের উৎপাদিতব্য পণ্যের জন্য অত্যাবশ্যক হইলে সেই ক্ষেত্রে, কোন পূর্ববর্তী মেয়াদে প্রদত্ত মঞ্জুরীর সমপরিমাণ প্রাপ্যতা প্রদান করা যাইবে এবং মজুদ থাকিলে তাহা অন্তর্ভূক্ত করিয়া এই সমপরিমাণ প্রাপ্যতা নির্ধারিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

16/09/2020.

(ফরিদা ইয়াসমীন)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক ঃ

উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

(অতিরিক্ত গেজেটে প্রকাশিতব্য) O/C

নথি নং-৭(৩৩) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০৮/ ৯৭৭ তারিখ ঃ ১৬/০৯/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে ঃ

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
২-৭। কমিশনার, কাস্টম হাউস ঢাকা/ চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি (কমলাপুর)/পানগাঁও।
৮-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/যশোর/খুলনা/রংপুর/কুমিল্লা।
১৯। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ১২তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২০-২১। কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২২। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২২। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৩। মহাপরিচালক, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ৬৯ আউটার সার্কুলার রোড গুলফেঁশা প্লাজা, মগবাজার, ঢাকা।
২৪। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর,১২৭, বড় মগবাজার, ঢাকা।
২৫। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩৪, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
২৬। মহাপরিচালক, বাংলাদেশ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, পাহাড়তলী,চট্টগ্রাম।
২৭-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২।
২৯। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম।
৩০। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, খুলনা।
৩১-৩২। অফিস কপি/গার্ড নথি।

16/09/2020.
(ফরিদা ইয়াসমীন)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com